ঈশ্বরদীতে বখাটেকে পাকড়াও করলো ছাত্রীরা

সাহসী ছয় ছাত্রীর হাতে পাকড়াও
হয়েছে এক বখাটে। ঘটনাটি রীতিমত
চমক সৃষ্টি করেছে। তাদের এই
সাহসিকতাকে বাহবা দিয়েছেন
অভিভাবকরা।

শহরের মধ্যে অবস্থিত ঈশ্বরদী পূর্বটেংরী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান ফটকের সামনে প্রতিদিন সকাল থেকে আড্ডা দেয় চমন (১৫) নামের এক বখাটে। মেয়েদের স্কুলে প্রবেশ ও বের হওয়ার সময় ওই বখাটে আজেবাজে কথা বলতো ও ইটের খোয়া ছুঁড়ে মারতো। এভাবে দিনের পর দিন চলতে থাকলে ছাত্রীরা ক্ষিপ্ত হয়ে বুধবার দুপুরে চমনকে ঘেরাও করে। পরে তাকে স্কুলের ভিতরে এনে থানায় খবর দিলে পুলিশ চমনকে ধরে নিয়ে যায়।

এ ব্যাপারে ঈশ্বরদীর ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার জাহিদ নেওয়াজের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, পুলিশ ওই বখাটেকে হাজির করলে মোবাইল কোর্টে তাকে শাস্তি দেয়া হবে।